101

REVISED
Edition - 1

Color CODED
(In Future will be Coded in Details)

With Audio Mp3

ذَٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ فِيهِ هُدًى لِّلْمُتَّقِينَ

“ এ সেই কিতাব যাতে কোনই সন্দেহ নেই।
পথ প্রদর্শনকারী পরহেযগারদের জন্য ”

“ This is the Book about which there is no doubt,
a guidance for those conscious of Allah ”

2 : 2



Recitation (তিলাওয়াত) By World -Famous Egyptian QARI
“ Sheikh Abdul Basit 'Abd us-Samad ”

101

Surah Al - Qāri-‘ah (আল্-ক্বরি‘আহ)

(The Calamity – মহা-প্রলয় / মহাসংকট)

এটি সেই সূরা যা শেষ বিচার দিনকে মহাপ্রলয়ের দিন রূপে বর্ণনা করেছে। সেদিন মানুষ কিংকর্তব্যবিমূঢ় ও হতবিহ্বল হয়ে পড়বে। পৃথিবী লন্ডভন্ড হয়ে যাবে। কিন্তু পৃথিবীতে কৃত মানুষের প্রতিটি কর্ম রয়ে যাবে এবং তা ন্যায় ও অন্যায়ের বাটখাড়াতে ওজন করে তার প্রকৃত মূল্যমানের প্রতিষ্ঠা করা হবে। এ সূরায় আমলের ওজন ও তার হালকা এবং ভারী হওয়ার প্রেক্ষিতে জাহান্নাম অথবা জান্নাত লাভের বিষয় আলোচিত হয়েছে। আমলের সম্পর্কে বিস্তারিত আলোচনা সূরা আ'রাফের শুরুতে করা হয়েছে।

হযরত আশ’আস ইবনে আব্দুল্লাহ (রহঃ) বলেন যে,

“ মুমিনের মৃত্যুর পর তার রূহ ইমানদারদের রূহ এর কাছে নিয়ে যাওয়া হয় । ফেরেশতা ওই সব রুহু কে বলেনঃ তোমাদের ভাই এর মনোরঞ্জন এবং শান্তির ব্যবস্থা কর । পৃথিবীতে সে অনেক দুঃখ কষ্ট সহ্য করেছে । ঐ সৎ রূহ সমূহ তখন জিজ্ঞাসা করে অমুকের খবর কি ? সে কেমন আছে ? নবাগত রূহ তখন উত্তর দেয়ঃ সে তো মারা গেছে । তোমাদের কাছে সে আসেনি ? তখন রূহ সমূহ বুঝে নেয় এবং বলেঃ রাখো তার কথা সে তার মা হাবিয়ায় (জাহান্নাম এর নাম) পৌঁছেছে । ”

আবু হুরাইরা (রহঃ) থেকে বর্ণিত

নবী করীম (সঃ) বলেছেনঃ “ তোমাদের এ আগুনের তেজ জাহান্নামের আগুনের তেজের মাত্র সত্তর ভাগের এক ভাগ।” জনগন জিজ্ঞাসা করলেনঃ “ হে আল্লাহ্‌র রাসূল (সঃ) ! ধ্বংস করার জন্য তো এ আগুনই যথেষ্ট ? ” উত্তরে রাসূলুল্লাহ (সঃ) বললেনঃ “ তা ঠিক কিন্তু জাহান্নামের আগুন এর চেয়ে ঊনসত্তর গুণ বেশী তেজস্বী । ”

www.easy-quran.net

101

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

Sura (সূরা)	Al - Qāri-‘ah (আল্-ক্বরি‘আহ)
Title (টাইটেল / Other Names)	The Stunning Blow, The Disaster, The Terrible Calamity, The Sudden Calamity, The Clatterer / মহাপ্রলয়
# Sura (সূরা নং)	101
Revelation City / Place & Country (অবতীর্ণ শহর / স্থান & দেশ)	Makkah / Makkah-tul-Mukarramah (Saudi Arabia)
Revelation Order (অবতীর্ণের ক্রম নং)	30
# Ayat / verses No. (আয়াত নং)	1 - 11
# Word No. (শব্দ নং)	36 (With Repeated Words)
Juz (পারা নং)	30
Ruku (রুকু)	1

www.easy-quran.net

101 : 1/11

Surah Al Qari-‘ah

6158 / 6236

ٱلْقَارِعَةُ

N

Audio



Al - Qāri-‘atuh

করাঘাতকারী,

Al-Qari‘ah,

[the striking Hour i.e. the Day of Resurrection]

Word No.

1 / 00000

ال قَارِعَةُ – the striking Hour / calamity

– (মহা-প্রলয়, সংকট, দুর্যোগ, বিকট গর্জন সহকারে, বিরাট বিপদজনক ঘটনা)

[এখানে, উদ্দেশ্য – কেয়ামত]

101 : 2/11

Surah Al Qari-‘ah

6159 / 6236

مَا	ٱلْقَارِعَةُ
INTG	N

Audio



Mā Al-Qāri-‘atuh

করাঘাতকারী কি?

What is the Striking Calamity ?

Word No.		
2 / 00000	➤	مَا – What – (কি)
3 / 00000	➤	الْ قَارِعَةُ – (is) the Striking Calamity

– (মহা-প্রলয়, সংকট, দুর্যোগ, বিকট গর্জন সহকারে, বিরাট বিপদজনক ঘটনা)

101 : 3/11

Surah Al Qari-'ah

6160 / 6236

وَمَآ	أَدۡرَىٰكَ	مَا	ٱلۡقَارِعَةُ
REM INTG	V PRON	INTG	N

Audio

Wa mâ 'Adrāka Mā Al-Qāri-'atuh

আর কিসে তোমাকে বোঝানো যাবে করাঘাতকারী কি ?

And what will make you know what is the Striking Calamity ?

Word No.

4 / 00000 ➤ وَمَا – And what – (আর কি / কিসে)

5 / 00000 ➤ مَا أَدْرَاكَ – What will make you know – (কি তোমাকে জানাবে / তুমি কি জান / কিসে তোমাকে বোঝানো যাবে)

6 / 00000 ➤ مَا – what – (কি)

7 / 00000 ➤ مَا الْ قَارِعَةُ – what (is) the Striking Calamity ? – (মহাপ্রলয় কি ?)

[তোমার কি জ্ঞান আছে / কি তোমাকে জানাবে সেই মহাপ্রলয় কি / কখন ঘটবে / এর ভয়াবহতা, যে সম্পর্কে একমাত্র আল্লাহ্ই সঠিক জ্ঞান রাখেন]

www.easy-quran.net

101 : 4/11

Surah Al Qari-'ah

6161 / 6236

يَوْمَ	يَكُونُ	ٱلنَّاسُ	كَٱلْفَرَاشِ	ٱلْمَبْثُوثِ
T	V	N	N P	ADJ

Audio

Yawma Yakounu Al-n-Nāsu Kal-Fārashi Al-mabthouthi

যেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতংগের মত,

It is the Day when people will be like moths, dispersed,

Word No.

8 / 00000 ➤ يَوْمَ – (The) Day – (যেদিন)

9 / 00000 ➤ يَكُونُ – will be – (হবে)

10 / 00000 ➤ النَّاسُ – the Mankind / people – (মানবজাতি)

11 / 00000 ➤ كَ الْ فَرَاشِ – like moths – (পতংগের মত, সদৃশ)

12 / 00000 ➤ الْ مَبْثُوثِ – dispersed – (বিক্ষিপ্ত)

101 : 5/11

Surah Al Qari-‘ah

6162 / 6236

وَتَكُونُ	ٱلْجِبَالُ	كَٱلْعِهْنِ	ٱلْمَنفُوشِ
V REM	N	N P	ADJ

Audio

Wa takounu Al-Jibālu Kal-‘Ihni Al-manfoushi

এবং পর্বতমালা হবে ধুনিত রঙ্গীন পশমের মত।

And the mountains will be like carded wool.

Word No.

13 / 00000	وَتَكُونُ	– and will be – (এবং হবে)
14 / 00000	الْ جِبَالُ	– the mountains – (পর্বতমালা)
15 / 00000	كَ الْ عِهْنِ	– like wool – (রঙ্গীন-পশমের মত)
16 / 00000	الْ مَنفُوشِ	– carded / loosened – (ধুনিত, তুলা-ধুনা)

فَأَمَّا	مَن	ثَقُلَتْ	مَوَٰزِينُهُۥ
EXL REM	COND	V	PRON N

Audio



Fa-'ammā Man Thaqulat Mawāzeenuhu

অতএব তার ক্ষেত্রে যার [সৎকর্মের] পাল্লা ভারী হবে,-

Word No.

Then as for one whose scales are heavy [with good deeds],-

17 / 00000 ➤ فَأَمَّا – Then as for – (অতএব তার ক্ষেত্রে)

18 / 00000 ➤ مَن – (him) whose – (যার)

19 / 00000 ➤ ثَقُلَتْ – (are) heavy / He became heavy – (ভারী হবে) / সে ভারী হয়েছে

20 / 00000 ➤ مَوَازِينُهُ – his scales – see Last page

Surah Al Qari-'ah

101 : 7/11

6164 / 6236



Audio

Fa-huwa Fee 'Eeshatinr -rādiyatinh

সে তখন সুখীজীবন যাপন করবে ।

He will live a pleasant life (in Paradise)

Word No.

21 / 00000 ➤ فَ هُوَ – Then he – (তখন সে)

22 / 00000 ➤ فِي – (will be) in – [P = Preposition]

23 / 00000 ➤ عِيشَةٍ – a life – (জীবন)

24 / 00000 ➤ عِيشَةٍ رَّاضِيَةٍ – pleasant life

– (সুখী, সন্তোষজনক জীবন)

www.easy-quran.net

101 : 8/11

وَأَمَّا	مَنْ	خَفَّتْ	مَوَٰزِينُهُۥ
EXL REM	COND	V	PRON N

6165 / 6236

Audio

Wa 'ammā Man Khaffat Mawāzeenuhu

কিন্তু তার ক্ষেত্রে যার [সৎকর্মের] পাল্লা হালকা হবে,-

But as for one whose scales are light,

Word No.

25 / 00000 ➤ وَأَمَّا - But as for – (কিন্তু / আর তার ক্ষেত্রে)

26 / 00000 ➤ مَنْ - (him) whose – (যার)

27 / 00000 ➤ خَفَّتْ – (are) light / He became light
– (হালকা হবে / সে হালকা হয়েছে)

28 / 00000 ➤ مَوَازِينُهُ – his scales – See Last page

101 : 9/11

فَأُمُّهُۥ هَاوِيَةٌ

N PRON N RSLT

Surah Al Qari-'ah

6166 / 6236

Audio



Fa-'Ummuhu Hāwiyatunh

তার মাতা [ঠিকানা / স্থান] হবে হাবিয়াহ্ [অতল গর্ভে] ।

He will have his home in Hawiyah (pit, i.e. Hell)

Word No.

29 / 00000 ➤ فَ أُمُّ هُ – his home / abode [ف = Fa = Result Particle]

– (তার মাতা ভাবার্থে - ঠিকানা / স্থান)

30 / 00000 ➤ هَاوِيَةٌ – (will be) the pit – (অতল-গর্ভ / গর্ত / জাহান্নামের তলদেশ)

[হাবিয়াহ্ জাহান্নামের একটি নাম । গর্ভাবস্থায় মা যেমন তার সন্তানকে গর্ভে ধারণ করে রাখে, তাকে বের হতে দেয় না, ঐ সকল লোকদেরকেও জাহান্নাম নিজের অতল গর্ভে মা এর মত আটকিয়ে রাখবে]

101 : 10/11

Surah Al Qari-'ah

6167 / 6236

وَمَآ	أَدْرَىٰكَ	مَا	هِيَهْ
INTG REM	PRON V	INTG	PRON

Audio

Wa mâ 'Adrāka Mā Hiyah

আর কি করে তোমাকে বোঝানো যাবে সেটা কি ?

Word No.

And what will make you know what that is ?

31 / 00000 ➤ وَمَا – And what – (আর কি)

32 / 00000 ➤ مَا أَدْرَاكَ – what will make you know

– (কি তোমাকে জানাবে / তুমি কি জান / কিসে তোমাকে বোঝানো যাবে)

33 / 00000 ➤ مَا – what – (কি)

34 / 00000 ➤ مَا هِيَ هْ – waht it is ? – (কি সেটা ?)

Hiyya = it (literally / শাব্দিক অর্থে means; She. Just like Huwa = He.)

HiyyaH = to magnify and to scare an audience)

www.easy-quran.net

101 : 11/11

حَامِيَةٌ
ADJ

نَارٌ
N

Surah Al Qari-'ah

6168 / 6236

Audio

Nārun Hamiyatunh

[তা হল] প্রজ্জ্বলিত অগ্নি !

(It is) a hot blazing Fire!

Word No.

35 / 00000 ➤ نَارٌ – A fire – (অগ্নি)

36 / 00000 ➤ حَامِيَةٌ – hot blazing – (প্রজ্জ্বলিত)

[Hamiyah - *intense, very, very hot and enflamed and it is the explanation of hawiyah.*]

[এখানে হাবিয়ার এর ব্যাখ্যা করা হয়েছে
যার আগুন হবে অতি উত্তপ্ত , তীব্র , ভয়াবহ এবং প্রজ্বলিত]

Word No:
20 & 28

মাওয়াযীন (مَوَازِينُ)

Surah Al Qari-'ah

মাওয়াযীন শব্দটি Plural / (বহুবচন) ,
যা মাওজুন অথবা মীযান এর বহুবচন ।

মাওযুন - Mawzoon (নেকীর ওজন / What is going to be weighed)

মাওয়াযীন শব্দটি যদি মাওযুন শব্দের Plural form হয় , তবে এর অর্থ অর্থ্যাৎ মাওয়াযীন শব্দের অর্থ – এমন ধরনের কর্মকাণ্ড , আল্লাহর দৃষ্টিতে যার কোন ওজন আছে এবং যা তাঁর কাছ থেকে কোন ধরনের মর্যাদা লাভের যোগ্যতা রাখে। এক্ষেত্রে মাওয়াযীন ভারী / হালকা হবার অর্থ অসৎকর্মের মোকাবেলায় সৎকর্মের ভারী অথবা হালকা হওয়া । কারণ আল্লাহ্‌র দৃষ্টিতে একমাত্র সৎকাজই ভারী ও মূল্যবান ।

মীযান – Meezan (দাঁড়িপাল্লার পাল্লা / Scale)

মাওয়াযীন শব্দটি যদি মীযান শব্দের Plural form হয় , তবে
মাওয়াযীন শব্দের অর্থ হবে - দাঁড়িপাল্লার পাল্লা । আল্লাহ্‌র আদালতে নেকীর পাল্লা পাপের পাল্লার তুলনায় ভারী হওয়া ।

Most scholars incline to Mawzoon in the context of this ayah.
অধিকাংশ Islamic Scholar ,
এই আয়াতের ক্ষেত্রে মাওযুন শব্দের অর্থটিকেই নিয়েছেন ।

আমরা ইতিমধ্যে Revised Edition 1- এ Published সূরা 101 to 114 এবং পূর্বে Primary Stage এ 76 to 114 পর্যন্ত সূরা With Word Meaning শেষ করেছি যেখান থেকে আমরা আল – কুর'আন - কে অন্য ভাষায় অনুবাদের ক্ষেত্রে বেশ কিছু বিশেষ দিক লক্ষ্য করেছি ।

- আল -কুরআনের সব শব্দের অর্থ কিন্তু সবসময় একই হয় না , বিশেষ করে Conjunction, Preposition এবং Root Word । যেমনঃ Conjunction , ওয়া (WA) অর্থ = (এবং) কিন্তু সব আয়াতে এবং হিসাবে ব্যবহার হচ্ছে না । এটি নির্ভর করছে আয়াতটির ভাবার্থ , বাচনভঙ্গি ,পূর্বের ও পরের আয়াতের সাথে অর্থের পূর্ণতা ধরে রাখা এবং এরকম আরও অন্যান্য বেশ কিছু কারণে । যে কারণে ওয়া (WA) = (And) = এবং , আর আবার অনেক স্থানে শপথ হিসাবে - ঠিক একই ভাবে ইংরেজিতে And , By ইত্যাদি বিভিন্নভাবে ব্যবহার হচ্ছে । যেমন ফা = Fa = Result Particle (so, then) = ফলে , তখন, সুতরাং , অতএব । যে আয়াতের ক্ষেত্রে যেটা অধিক সামঞ্জস্যপূর্ণ সেখানে সেটি বসানো হচ্ছে । আবার কোন কোন ক্ষেত্রে Silent / উহ্য রাখা হয়েছে ।

- প্রকৃতপক্ষে বলতে গেলে আল-কুরআনের মূল আরবী / Original Arabic Text ,আধুনিক সমাজে মানুষের ব্যবহার করা কোন সাধারণ আরবী এর মতো না, বরং এটি এতই পাণ্ডিত্যপূর্ণ ও উচ্চমানের ভাষা সাহিত্য ও মাধুর্যে পরিপূর্ণ যা অন্য কোন ভাষায় অনুবাদ করা খুবই কষ্টসাধ্য একটা কাজ । আর এটাই আল্লাহ্‌র বানীর একটি বিশেষ রহস্যময় দিক । তারপরও কুরআন অনুবাদকরা আপ্রাণ চেষ্টা করেছেন বাংলা, ইংরেজি অনুবাদ বের করার জন্য। আসলে কুরআনের ভাষা সৌন্দর্য ও আরবী কে সঠিক ভাবে বুঝতে গেলে একমাত্র আরবী কে আরবীর মাধ্যমেই সঠিক ভাবে বোঝা যায় । অন্য কোন ভাষায় অনুবাদ করা খুবই দুরূহ একটা কাজ। যে কারণে বেশীর ভাগ অনুবাদ যেগুলি আমরা পড়ি সবই ভাবার্থে অর্থ্যাৎ নতুন আরও কিছু বাংলা / English শব্দ যোগ করে মানুষকে বোঝানোর চেষ্টা করা হয়েছে । কারণ কুরআনের একটি শব্দের ভিতর অনেক গভীর অর্থ এবং ইংগিত লুকিয়ে আছে । এজন্য প্রতিটা শব্দের অর্থ With Grammatical Analysis করে কেউ যদি বুঝে পড়ে এবং একটি শব্দের সাম্ভাব্য সব গুলি অর্থ যদি শিখতে পারে তাহলে তার সব অনুবাদকের অনুবাদ শেখা হয়ে যাবে । কারণ একজন অনুবাদক সহজ-সরল নামে যে অনুবাদই বের করুক না কেন, তাকে ঘুরেফিরে এই শব্দার্থের ভিতর থেকেই অনুবাদ করতে হবে । আমরা অনেকেই আছি কার অনুবাদ ভালো, কার অনুবাদ ভালো এভাবে খুঁজতে থাকি । আসলে এখানে ভালো, সহজ সরল বলে কোন কথা না । আমাদের যদি ভালো Vocabulary Knowledge / কুরআনের প্রতিটা শব্দের অর্থ্যাৎ Root Word এর অনেকগুলো অর্থ জানা থাকে / সুস্পষ্ট ধারনা থাকে এবং Grammmatical Analysis করে পড়ি , তাহলে নিজেরাই কুরআনের আয়াতের অনুবাদ গুলিকে যথার্থভাবে উপলব্ধি করতে পরবো । কারণ কোন কিছু পড়লে সেটা জেনে বুঝে নিজে Study করে পড়া উচিৎ , শুধু অনুবাদকের অনুবাদের উপর চোখ বন্ধ করে নির্ভরশীল না হয়ে , নিজে থেকেও একটু জানার চেষ্টা করতে হবে।

When one reads a translation of Al Quran, they are actually reading the translator's interpretation of the original Arabic. Thus, mistakes are to be expected. A translation will have the translator's own thoughts / experiences / education / bias / imperfections. So Study yourself by analyzing every word of Quran from the Root meaning.

www.easy-quran.net

Book Reference

For Translation (অনুবাদ)

*** " Bengali – Translation " by :

[Mareful Quran / Ibn Kathir / Yusuf Ali / Tafhimul Quran / Fee Zilzal Quran / Dr. Zohurul Hoque]

এই অনুবাদ গুলোর সমন্বয়ে কুর'আনের প্রতিটা আরবি শব্দের অর্থকে ঠিক রেখে বাংলা অনুবাদ করা হয়েছে যাতে কোন শব্দের অর্থ বাদ না পড়ে , এবং যেটা সবচেয়ে সহজবোধ্য । তবে যেসব ক্ষেত্রে কুর'আনের শাব্দিক অর্থ সম্পূর্ণরূপে অনুবাদগুলিতে আছে সেটা নেওয়া হয়েছে । কারণ বিখ্যাত যেসব অনুবাদক অনুবাদ করেছেন সেখানে কিছু শব্দের অর্থ আছে যেগুলি অনুবাদকরা উহ্য / Silent রেখে ভাবার্থের মাধ্যমে প্রকাশ করেছেন বাক্যের পূর্ণতা রক্ষার্থে আবার অনেক নতুন শব্দ ব্যবহার করেছেন মানুষের সহজার্থে যা কুর'আনে সরাসরি বলা নেই কিন্তু ভাবার্থে আছে । যে কারণে শব্দের অর্থ খুঁজতে গেলে আমরা পাইনা , কিছু হয়তো মিলানো যায় তবে বেশীর ভাগি ভাবার্থের মধ্যে লুকানো থাকে । যেহেতু এটা শব্দার্থে কুর'আন সুতরাং কোন শব্দকে বাদ না রাখার চেষ্টা করা হয়েছে এবং যেসব ক্ষেত্রে ভাবার্থের কোন শব্দ অর্থ্যাৎ যা কুর'আনে সরাসরি বলা নেই কিন্তু ভাবার্থে আছে সেগুলিকে ব্রাকেট [ ] এর মধ্যে রাখা হয়েছে । যাতে আমরা সহজে প্রতিটা শব্দের অর্থ কে মিলিয়ে পড়তে পারি এবং নিশ্চিত হতে পারি প্রতিটা শব্দের অর্থ। কারণ আমরা শব্দের অর্থ না জানার কারণে অনেকেই আছি কোন অনুবাদকের অনুবাদ পড়লে মনে করি এখানে যা আছে সবটুকুই আল্লাহ্ বলেছেন সরাসরি কুর'আনে। কিন্তু প্রকৃতপক্ষে সেটা না, এজন্য ব্রাকেট দেখলেই আমরা বুঝতে পারব এটা সরাসরি আল্লাহ্ বলেননি কিন্তু ভাবার্থে আছে । আল্লাহর বাণী আর মানুষের চিন্তা থেকে আসা ভাবার্থ যেন আমরা মিশিয়ে না ফেলি এটা আমাদের লক্ষ্য রাখতে হবে ।

*** " English - Translation " by :

[Sahih International / Yusuf Ali / Pickthell / Shakir / Mohammad sarwar
Mohsin Khan / Arberry]

এই অনুবাদ গুলোর সমন্বয়ে সহজবোধ্য একটি ইংরেজি অনুবাদ করা হয়েছে ।

Book Reference

For Word Meaning (শব্দার্থ)

*** Bengali Tafsir

তাফসিরে মা'আরেফুল কুর'আন [হজরত মওলানা মুফতি মুহাম্মাদ শফি' (রহঃ)] অনুবাদ : মওলানা মুহিউদ্দিন খান
তাফসিরে ইবনে কাসীর [হাফেজ ইমামুদ্দিন ইবনে কাসীর (রহঃ)] অনুবাদ : ডঃ মুহাম্মাদ মুজিবুর রহমান]
ফী - যিলাযিল কুর'আন – সাইয়েদ কুতুব শহীদ (রহঃ)
তাফহীমুল কুর'আন – সাইয়েদ আবুল আ'লা মওদুদী (রহঃ)

*** English Tafsir :

www.quran4u.com [By Ibn Kathir]

*** Advanced English Tafsir [Language Research type]

www.linguisticmiracle.com [By Nouman Ali Khan – DREAM Tafseer]
http://corpus.quran.com/ [Arabic Quran language Research Group from University Of Leeds]

*** Dictionary : (Arabic to English)

1) LEXICON By Edward William Lane 2) Classic Arabic dictionary By Abdul Mannan Omar 3) By Abdul Karim Parekh

*** Word for Word Quran (Arabic to English)

1) Dr. Shehnaz shaikh / Mr. kausar khatri 2) Mohammad Mohar Ali 3) Sheikh Abdul Karim Parekh

*** Font Collection : http://corpus.quran.com/

.....And more other websites.....

A
Non-Profit
(Individual)

EASY
Al-Qur'an
Project

Project Status :
(Ongoing)

Start Date :
2011

Will be continued
Until Finish
Insha ALLAH

.....If u find any un-intentional Mistake ,
please let me know sothat can correct immediately.....

Feel free to contact
via
www.easy-quran.net

May Allah accept all our deeds & make more easier to understand Quran.....

.....Ameen .....

By
Engr. Md. Ariful Islam
(Civil Engineer – B.Sc.)
[CUET]
Non- Resident - Bangladeshi – United Arab Emirates

Warning !!

Always check your Last Up-dated date, otherwise again download that Sura to get More details / Corrected information

আপনার Last Download এর Date টি সর্বদা check করুন , যাতে কোন সংশোধন / নতুন কোন তথ্য যোগ হলে সূরাটি আবার Download করতে পারেন ।

Last Updated :
25 / 04 / 2013